



মাখজান-এ-তাসাউঈর নামে নতুন একটি ওয়েবসাইট
নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের প্রধান কতৃক উদ্বোধন
মাখযান-ই-তাসাউঈর-এর মাধ্যমে আহমদীয়া মুসলিম জামা'তের
ঐতিহাসিক আলোকচিত্রসমূহ সংরক্ষণ



আহমদীয়া মুসলিম জামাত আনন্দের সাথে ঘোষণা করছে গত ৭ ফেব্রুয়ারি ২০১৬ নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের প্রধান ও পঞ্চম খলিফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) নতুন ওয়েবসাইট মাখযান-ই-তাসাউঈর উদ্বোধন করেন।

শ্রদ্ধেয় হুযূর (আই.) দক্ষিণ-পশ্চিম লন্ডনের ডিয়ার পার্ক রোড সংলগ্ন তাহির হাউজ কমপ্লেক্স এ অবস্থিত অফিসে মাখযান-ই-তাসাউঈর প্রদর্শনী এবং ওয়েবসাইটটি উদ্বোধন করেন।

আহমদীয়া মুসলিম জামা'তের প্রধান উপস্থিত হওয়ার পর আনুষ্ঠানিকভাবে ওয়েবসাইটটি উদ্বোধন করেন, এবং এরপর সর্বশক্তিমান আল্লাহর কৃতজ্ঞতা জ্ঞাপন করে দোয়া পরিচালনা করেন।

অতঃপর, শ্রদ্ধেয় হুযূর (আই.) সম্প্রতি পরিমার্জিত প্রদর্শনী পরিদর্শন করেন, যাতে বর্তমানে অত্যাধুনিক ইন্টার্যাক্টিভ সুযোগ-সুবিধা সংযোজন করা হয়েছে। পরিদর্শনকালে মাখযান-ই-তাসাউঈর এর প্রধান জনাব উমায়ের আলীম হুযূরকে সবকিছু ঘুরিয়ে দেখান।



২০০৬ সাল থেকে মাখযান-ই-তাসাউঈর এর বর্তমান ধারায় আহমদীয়া মুসলিম জামাতের ঐতিহাসিক চিত্রসমূহ সংগ্রহ ও সংরক্ষণের কাজ করে যাচ্ছে।

তাহের হুউজে স্থায়ী প্রদর্শনীটি হযরত মির্যা মসরুর আহমদ (আই.) ২০০৭ সালের অক্টোবরে উদ্বোধন করেন।

অনুরূপ একটি প্রদর্শনী কাদিয়ান, ভারতে স্থাপন করা হয়েছে, আর ছোট ছোট প্রদর্শনী নরওয়ে এবং স্পেনেও স্থাপন হয়েছে।